

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৭০.১৯/৪১৪৩/৬

তারিখ: ১১/০৬/১৪২৬ বঙ্গাব্দ  
২৬/০৯/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলাধীন পিয়ারাপুর আই.জি.এম স্কুল এ্যান্ড কলেজের কৃষি বিষয়ের প্রভাষক জনাব মো: জিয়া হায়দার এর এমপিওভুক্তি।

সূত্র: কলেজের স্মারক নং-পি.আই.এস.সি ৭৬(২)২০১৯, তারিখ: ০২-০১-২০১৯খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলাধীন পিয়ারাপুর আই.জি.এম স্কুল এ্যান্ড কলেজের কৃষি বিষয়ের প্রভাষক জনাব মো: জিয়া হায়দার এর এমপিওভুক্তির জন্য অনলাইনে আবেদন প্রেরণ হলে আঞ্চলিক কার্যালয়, রংপুর অঞ্চল, রংপুর 'List of name from DSHE not found' উল্লেখ করে আবেদন বাতিল করেন। এজন্য বর্ণিত প্রভাষকের এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা কামনা করে কলেজটির অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) সূত্রোক্ত আবেদন করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০১৯(অংশ)/৩৯৬, তারিখ: ১৩/১১/২০১১খ্রি. স্মারক পত্র মোতাবেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অতিরিক্ত শ্রেণিশাখা/বিভাগ খোলার ক্ষেত্রে উক্ত শ্রেণি শাখা/বিভাগের বিপরীতে নিযুক্ত শিক্ষকের বেতনভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে উল্লেখ করে প্রজ্ঞাপন জারি করা হয়। বর্ণিত পরিপত্রের পরিপ্রেক্ষিতে ১৩/১১/২০১১খ্রি. তারিখের পর বেসরকারি কলেজে বিষয় অনুমোদনের বিপরীতে এমপিওভুক্তি স্থগিত করা হয়। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৪(খন্ড-১)-৪২৬, তারিখ: ০৯/১০/২০১৮খ্রি. পত্র মোতাবেক ১৩-১১-২০১১ তারিখ হতে জনবল কাঠামো ও নীতিমালা-২০১৮ জারি হওয়ার পূর্ব পর্যন্ত অতিরিক্ত শ্রেণি শাখা ও বিভাগ/বিষয় অনুমোদনের বিপরীতে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত শিক্ষকদের এমপিওভুক্ত করার জন্য নির্দেশ প্রদান করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের ০৯/১০/২০১৮খ্রি. তারিখের পরিপত্র অনুযায়ী ১৩-১১-২০১১ তারিখ হতে জনবল কাঠামো ও নীতিমালা-২০১৮ জারি হওয়ার পূর্ব পর্যন্ত বিধি মোতাবেক নিয়োগ প্রাপ্ত শিক্ষকদের এমপিওভুক্ত করতে কোন তালিকার প্রয়োজন নাই।

এমতাবস্থায়, বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

স্বাক্ষর ২৫.৯.১৯  
(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

অধ্যক্ষ

পিয়ারাপুর আই.জি.এম স্কুল এ্যান্ড কলেজ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, পিয়ারাপুর আই.জি.এম স্কুল এ্যান্ড কলেজ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
- ৪। উপজেলা মাধ্যমিক অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ৫। জনাব মো: জিয়া হায়দার, প্রভাষক(কৃষি), পিয়ারাপুর আই.জি.এম স্কুল এ্যান্ড কলেজ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ৬। সংরক্ষণ নথি।